

৩৪৪৭/১৩
২৫/৫/২০২৩

পাবনা জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করণের করণীয় শীর্ষক
সেমিনার

কার্যক্রম	পূহিত ব্যবস্থা	মতবগ
১। বিদ্যালয়গুলোকে A, B ও C ক্যাটাগরিতে বিন্যস্তকরণ	<p>১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণকে সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সহযোগিতায় নির্ধারিত তথ্য ছক ব্যবহার করে আগামী ১৫ দিনের মধ্যে প্রেনি বিন্যাসের কাজ শেষ করতে হবে।</p> <p>২। A, B ও C ক্যাটাগরির বিদ্যালয়গুলো নিয়ে পৃথক পৃথক What's App গ্রুপ খুলতে হবে। একজন সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার Admin হবেন। প্রত্যেক গ্রুপে অন্যান্য সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও জেলা প্রশাসক মহোদয়কে যুক্ত করতে হবে।</p> <p>৩। A ক্যাটাগরির বিদ্যালয়গুলো শিখন-শেখানো কার্যক্রম, বিদ্যালয়ের ব্যবস্থাপনা, এসএমসি, পিটিএ এর কার্যক্রম নির্ধারিত standrad/ আদর্শ অনুযায়ী সম্পন্ন করবেন।</p> <p>৪। ক্লাস্টারের সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার তারিখ নির্ধারণ করে এবং সরেজমিনে উপস্থিত থেকে নির্ধারিত পরিপত্রের আলোকে বিভিন্ন স্টেক হোল্ডারগণের দায়িত্ব কর্তব্য সম্পর্কে বিস্তারিত আলোচনা ও নির্দেশনা প্রদান করবেন এবং নিয়মিত কার্যক্রম মনিটরিং করবেন।</p> <p>৪। এরপরে B ও C ক্যাটাগরি বিদ্যালয়গুলোতেও অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে তিনি তার ক্লাস্টারে খুব সময় নিয়ে একটি ক্রাশ প্রোগ্রাম চালাবেন।</p>	
২। শিক্ষার্থীদের শিখন মান নিশ্চিতকরণ	<p>১। প্রতিটি প্রেনিতে শিক্ষার্থীদের বাংলা, ইংরেজি এবং গণিত এর বেজলাইন সার্ভে করতে হবে। এবং প্রেনির standrad/আদর্শ অনুযায়ী তুলনা করে যে ঘাটতি পাওয়া যাবে তা নিশ্চিত করতে হবে। রেকর্ড সংরক্ষণ করতে হবে এবং একটি টাইম বাউন্ড কর্মপরিকল্পনা তৈরি করে শিক্ষার্থীদের প্রেনির standrad করতে হবে। সকল শিক্ষার্থীর বাংলা, ইংরেজি ও গণিতে ন্যূনতম দক্ষতা অর্জনের নিমিত্ত প্রাথমিক দক্ষতা যাচাই করতে হবে। এক্ষেত্রে প্রত্যেক শিক্ষার্থীকে প্রেনি ভিত্তিক গণিতে পারদর্শিতা, বাংলা ও ইংরেজিতে রিডিং পড়তে ও লিখতে পারাকে মানদণ্ড হিসেবে ধরা যাবে। শিক্ষার্থীদের সাথে শিক্ষকদেরও বেজলাইন দক্ষতা যাচাইকল্পে বাংলা, ইংরেজি, গণিত ও শিখন কৌশলের উপরে পরীক্ষা গ্রহণ করে তালিকা করতে হবে। তালিকা অনুযায়ী কম দক্ষ শিক্ষককে প্রশিক্ষণে অগ্রাধিকার দিতে হবে। উভয় ক্ষেত্রেই উপজেলা রিসোর্স সেন্টার থেকে বেজলাইন সার্ভে কার্যকর ও মনিটর করতে হবে।</p> <p>২। প্রতিটি প্রেনি/শাখার একজন শিক্ষক নির্দিষ্ট করে দায়িত্ব প্রদান করতে হবে। তিনি ঐ প্রেনির শিক্ষার্থীদের ১ম প্রেনি থেকে ৫ম প্রেনি পর্যন্ত নেতৃত্ব দেবেন।</p> <p>৩। তাদের অভিভাবকগণের সঙ্গে যোগাযোগ রক্ষা করবেন এবং শিক্ষার্থীদের অভিভাবকগণকে তাদের সন্তানদের বিষয়ে সব ধরনের পরামর্শ দেবেন।</p> <p>৪। তিনি নিজের পড়ানো বিষয় ও অন্যান্য বিষয় যে সকল শিক্ষক পড়ান তাদের সঙ্গ শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক শিখন ঘাটতি নিয়ে আলোচনা করবেন এবং প্রধান শিক্ষককে জানাবেন।</p>	